STAMP AFFIXED BY
STAMP SUPERINTENDENT,
CALCUTTA COLLECTORATE

# সাফ বিক্রয় কোবালা

মূল্য পাঁচ হাজার পাঁচ শত ছেষট্টি টাকা মাত্র

কোবালা গ্রহীতা :-

লাইট মেটাল ইন্ডাষ্ট্রিস, লিমিটেড, ১৯৫৬ সনের কোম্পানী আইনানুসারে রেজিষ্ট্রীকৃত সীমিতদায়যুক্ত রেজিষ্টার্ড অফিস, ৪নং ম্যাঙগো লেন, কলিকাতা - ৭০০ ০০১ ।

কোবালা দাতা :-

আবদুল রশিদ মোললা
পিতা আললা রাখা মোললা
জাতি মুসলমান, পেষা কৃষিকার্য্য
সাকিন হোয়েরা, থানা মগরা,
জিলা হুগলী ।

কস্য নিম্ন তপশীলে বিশেষভাবে বর্ণিত স্থানীয় মাপে কমবেশী ০'২৩ শতক অর্থাত তের কাঠা চোদ্দ ছটাক ছাবিবশ স্কোয়ার ফিট শালি জমি মায় তদ্সংনিনহিত সর্ব্বপ্রকার ইজমেণ্ট স্বত্বাদি দরকস্ত হক হকুক সমপত্তি সমপূর্ণ নিদর্দায় নিদ্দর্দোষ অবস্থায় বিক্রয়ের সাফ কোবালাপত্র মিদং কার্য্যনঞ্চাগে :-

জেলা

Presented for Registration at 2-30 / ... 7th
day of ... Feb ... 19 83
at the ... office
by ... Abdul Rasid Molla

আব্দুল রশিদ
আব্দুল রশিদ মোল্লা

Sub-Registrar
HOOGHLY
7/2/83

Execution is admitted by

Abdul Rasid Molla
Allah Rakha Molla
Hayena Magra
Moslem
cultiv.

412
~~409~~

আব্দুল রশিদ মোল্লা

Identified by
Malay Koley
s/o Sushil Kumar Koley
of Hoera, Thana Magra, Dt Hooghly, by caste Hindu by Profession Serviceholder.

Malay Koley

Sub-Registrar
HOOGHLY
7/2/83

জেলা হুগলী থানা মগরা রেজ: অ: নং ১, রে: সা: নং ১৬১ পরগণা আর্শা মৌজা হোয়েরা মধ্যে জিলা কালেক্টারীর ৭ নং তৌজি ভুক্ত হাল রিভিসন্যাল জরিপের ৩২৪ নং খতিয়ানের বার্ষিক মোট টাকা ৩।· (তিন টাকা চার আনা মাত্র ) টাকা খাজনায় রায়ত দখলি স্বত্ব বিশিষ্ট ১৬৭০ নং দাগ ভুক্ত ০·২৩ শতক শালি জমিও অন্যান্য দাগের জমি অত্র কোবালা দাতা ৭ই মে ১৯৭৫ সালের রেজিষ্ট্রীকৃত, হাঁচি বালা দাসী কর্তৃক সম্পাদিত এক কেতা কোবালা মূলে খরিদ সূত্রে প্রাপ্ত হইয়া উক্ত ১৬৭০ নং দাগের জমি ভোগ দখল করিতে থাকেন এবং বিগত রিভিসন্যাল জরিপে উক্ত হাঁচি বালা দাসীর নাম রায়ত দখলিকার স্বত্বে লিপিবদ্ধ হয় । তদনন্তর উক্ত শ্রীআবদুল রশিদ মোল্লা অর্থাৎ অত্র কোবালা দাতা উক্ত সম্পত্তি ভোগ দখল থাকা কালীন উক্ত সম্পত্তি বিক্রয় করিবার প্রস্তাব করায় অত্র কোবালা দাতা উক্ত ১৬৭০ নং দাগের এক বন্দে চিহ্নিত মতে ও নির্দিষ্ট ০·২৩ শতক বা ১৩ কাঠা ১৪ ছটাক ও ২৬ স্কোয়ার ফিট শালি জমি মায় ইজমেণ্ট ও আওলাতাদি ও অন্যান্য স্বত্বাদি সহ সর্ব্বপ্রকারের স্বত্বাধিকার সহ সম্পত্তি আপনি কোবালা গ্রহিতা ১৯৫৬ সনের কোম্পানী আইন অনুসারে রেজিষ্ট্রীভুক্ত লাইট মেটাল ইণ্ডাষ্ট্রিস্ লিমিটেড্ কলকারখানা অফিস ইত্যাদি স্থাপনের উদ্দেশ্যে বিঘা প্রতি ৮,০০০্ (আট হাজার টাকা) পণে বিক্রয় করিতে ইচ্ছুক হওয়ায় ও আমি অত্র কোবালা দাতা নানা কারনে ও দেনাদি পরিশোধের নিমিত্ত নগদ টাকার বিশেষ আবশ্যক হওয়ায় আমার খাস দখলীয় উক্ত জমির ১৬৭০ নং দাগের অন্তর্গত অর্থাৎ মাপসুরত ০·২৩ শতক জমি মায় সর্ব্ববিধ ইজমেণ্ট ও আওলাত ও সর্ব্বপ্রকার স্বত্বাদি একত্রে নিদ্দায় ও নির্দ্দোষ অবস্থায় বিক্রয় করিবার ঘোষণা করিলে আপনি অত্র কোবালা গ্রহিতা আপনার নিকট হইতে বর্ত্তমান বাজারোচিত সর্ব্বোচ্চ মূল্য বেলমোক্তা পাঁচ হাজার পাঁচ শত ছেষট্টি টাকা পণ গ্রহণ করিয়া ও উক্ত পণ মূল্যে অদ্য তারিখে

আপনার

7/12/83

আপনার নিকট হইতে ধার্য্য পণ মূল্যের সমুদয় মোতাবেক টাকা ৫,৫৬৬'০০ (পাঁচ হাজার পাঁচ শত ছেষট্টি টাকা) পণ নগদ গ্রহণে অত্র সাফ বিক্রয় কোবালা মূলে নিম্ন 'ক' তপশীল বর্ণিত জমি আপনার নিকট বিক্রয় করত: চিরতরে নি:স্বত্ব ও দখলচ্যুত হইলাম। এবং বিক্রীত জমিতে আপনাকে খাস দখল দিলাম। আপনি অদ্য হইতে বিক্রীত জমিতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান মালিক দখলিকার হইয়া মালেকান সরকারে ও অন্যান্য সরকারী ও বে-সরকারী সংস্থায় আমার নামের পরিবর্ত্তে নিজ নাম পত্তন ক্রমে করাদি আদায় পূর্ব্বক দান বিক্রয় বিলি পত্তনাদি সর্ব্বপ্রকারে হস্তান্তর অবস্থিতির ও ইঁট ইমারতাদি নির্ম্মানের স্বত্বাধিকার সূত্রে সর্ব্ববিধ রূপান্তর করণের ক্ষমতাযুক্তে যদৃচ্ছামতে ব্যবহারে আমার তুল্য ক্ষমতা পরিচালনে স্থলাভিষিক্তগণ ক্রমে পরম সুখে নির্ব্যূঢ় স্বত্বে সার্ব্বভৌম অধিকারে ভোগ দখল করিতে থাকুন। বিক্রীত ভূম্যাদিতে আমার যাহা কিছু স্বত্ব স্বামিত্ব দখল লভ্য হক হকিয়ত্ ছিল বা আছে তাহা অদ্য হইতে নির্ব্যূঢ় স্বত্বে নিদর্দায় ও নির্দ্দোষ অবস্থায় অদ্য হইতে চিরতরে রদ রহিত বিলুপ্ত ও ধ্বংস হইয়া আপনার বরাবর নির্ব্যূঢ় স্বত্বে বর্ত্তাইল বা অর্শাইল। কস্মিনকালে আমি কিংবা আমার ওয়ারেশানগণ ও স্থলাভিষিক্তগণ ক্রমে কেহ অত্র বিক্রীত সম্পত্তির দরুন কোন প্রকার দাবী দাওয়া ওজর আপত্তি করিতে পারিব না বা পারিবে না। করিলেও তাহা সর্ব্বপ্রকার আদালতে সর্ব্বতোভাবে বাতিল ও অগ্রাহ্য হইবে। বিক্রীত 'ক' তপশীল বর্ণিত সম্পত্তি আমি ইতিপূর্ব্বে অন্য কাহারও নিকট কোন প্রকার হস্তান্তর বা হস্তান্তরের চুক্তি কিংবা দায়াবদ্ধ বা রেহানাবদ্ধ করি নাই। বিক্রীত সম্পত্তিতে কোবালা দাতা ব্যতীত অন্য কোন শরিক অংশীদার বা দাবীদার নাই। বিক্রীত জমি বাকী করের দায়ে বা অন্য কোন কারনে কোন আদালত কর্ত্তৃক নিলাম বিক্রয় হয় নাই। অথবা বিক্রীত জমি সম্পর্কে কোন অফিস আদালতে কোন মামলা মোকদ্দমা চলিত

7/4/83

নাই বিক্রীত জমি ব্যাঙকের দেনার দায়ে বা কাহারও সিকিউরিটিতে আবদ্ধ বা কোন আদালত কর্তৃক কোন কারনে ক্রোকাবদ্ধ নাই। বিক্রীত জমি দেবোত্তর পীরোত্তর বা ট্রাষ্ট ভুক্ত সম্পত্তি নহে। বিক্রীত জমি গভর্ণমেণ্ট বা কোন যৌথ কোম্পানী কর্তৃক রিকিউজিশন এ্যাকুইজিশান করা হয় নাই। অথবা বিক্রীত জমি কোন প্রকারের সরকারে কোন কারনে বা কোন আইন বলে ভেসেটড হয় নাই বা কোন প্রকার এসাইনমেণ্টের অন্তর্ভুক্ত হয় নাই। বিক্রীত জমি অল্প মেয়াদী বা দীর্ঘ মেয়াদী কোনপ্রকার লীজ প্রদান বা ভাড়া বন্দোবস্ত দেওয়া হয় নাই। উক্ত জমিতে কোন বর্গাদার নাই বা কাহারও নাম বর্গাদাররূপে রেকর্ড হয় নাই। বিক্রীত ভূমি আ মি কাহাকেও বেনাম করি নাই বা আমি কাহারও বেনামদার নহে। উহা সম্পূর্ণ নিদর্দায় নির্দোষ ও মুক্তাবস্থায় আমার বিক্রয় যোগ্য উত্তম স্বত্বাধিকার ও খাস দখল থাকা কালে আপনার নিকট বিক্রয় করত: বিক্রীত জমিতে আপনাকে খাস দখল দিলাম। ভবিষ্যতে আমার উক্তির বৈপরিত্য ঘটিয়া বা আমার শঠতা তঞ্চকতা প্রকাশিত হইয়া বা আমার স্বত্ব দখলের ন্যূনতা হেতু আপনার খরিদা স্বত্ব স্বার্থ বা দখলের কোন প্রকার হানি বা ক্ষতি হইলে আমি তজ্জন্য সম্পূর্ণ দায়ী ও দণ্ডনীয় হইব। এবং আইনত: ক্ষতিপূরণ সহ পণ মূল্যের সমুদয় টাকা এককালীন ফেরত দিতে ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণ ক্রমে বাধ্য ও সম্মত রহিলাম।

বিক্রীত জমির টাইটেল সম্পর্কীয় নিম্ন 'খ' তপশীলে বর্ণিত কাগজ পত্র দলিলাদি যাহা আমার নিকট আছে তাহা আপনাকে অর্পণ করিলাম ও অত্র বিক্রীত সম্পত্তি সম্পর্কে ভবিষ্যতে অন্য কাগজাদি থাকিলে বা প্রকাশ পাইলে আমি কোন অফিস আদালত সাক্ষ্য প্রমান সহি সাবুদ দিবার আবশ্যক হইলে তাহা বে-ওজর আপনার তলব মত যে কোন অফিস আদালতে দর্শাইতে বাধ্য থাকিব ও উপস্থিত

হইয়া

7/2/83

হইয়া আপনার অনুকূলে দিতে বাধ্য ও সম্মত রহিলাম।

অত্র দলিলে কোন ভুল ভ্রান্তি থাকার দরুন ভবিষ্যতে অত্র দলিল পোষক কোন সংশোধনী দলিল বা সাপ্লীমেণ্টারী দলিল করিবার আবশ্যক হইলে, তাহা বে-ওজর বিনা পণে আপনার খরচায় আপনার অনুকূলে সম্পাদন ও রেজেষ্ট্রী করিয়া দিতে বাধ্য থাকিলাম।

এতদর্থে স্বেচ্ছায় স্বজ্ঞানে সুস্থ শরীরে নিজ হিতার্থে অন্যের বিনা প্ররোচনায় অত্র দলিলের মর্ম্ম সম্যক অবগত হইয়া পণের মূল্যের সমুদয় টাকা একালীন নগদ বুঝিয়া পাইয়া অত্র বিক্রয় কোবালা সহি সম্পাদন করিলাম। ইতি — সন ১৩৮৯ সালের ২৪ শে মাঘ ইংরাজী— ১৯৮৩ সালের ৭ ই ফেব্রুয়ারী।

'ক' তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয় :-

জেলা হুগলী থানা মগরা সব-রেজেষ্ট্রী চুঁচুড়া এলাকাধীন জে: এল: নং ১, রে: সা: নং ১৬১ পরগণা আর্শা মৌজা হোয়েরা। জেলা কালেক্টারীর ৭ নং তৌজি ভুক্ত বর্ত্তমান মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার অধিন বিগত রিভি-সন্যাল জরিপে লিপিবদ্ধ - নিম্ন খতিয়ান ও দাগের অন্তর্গত রায়ত দখলকার স্বত্ব বিশিষ্ট ১৬৭০ নং দাগভুক্ত পৃথক চিহ্নিত ০'২৩ শতক বা তের কাঠা চৌদ্দ ছটাক ছাব্বিশ স্কোয়ার ফিট শালি জমি মায় যাবতীয় আবর আওলাতাদি

ও

7/12/83

ও ইজমেণ্ট স্বত্বাদি দরকস্তু হক হকুক সমপর্ণ অত্র কোবালার বিক্রীত সম্পত্তি হইতেছে। বিক্রীত জমির হারাহারি খাজনা বার্ষিক ২.৪০ পঃ টাকা মাত্র।

| খতিয়ান নম্বর | দাগ নম্বর | শ্রেণী | দাগের জমির পরিমান | বিক্রীত জমির পরিমান | বার্ষিক খাজনা | হারাহারি খাজনা |
|---|---|---|---|---|---|---|
| ৩২৪ | ১৬৭০ | শালি | ০.২৩ | ০.২৩ বা ১৩ কাঠা ১৪ ছটাক ২৬ স্কোয়ার ফিট | ৩.২৫ | ২.৪০ পঃ |

'খ' তপশীল বর্ণিত দলিলাদিরপরিচয় :

১। শ্রীমতি হাঁচি বালা দাসী কর্তৃক ৭ই মে ১৯৭৫ সালের সম্পাদিত ও রেজিষ্টিকৃত সাফ বিক্রয় কোবালা দলিলের নকল ( ১৯৭৫ সালের ৫০৯৭ নং দলিল )।

২। মৌজা হোয়েরা জিলা জরিপের ৩২৪ নং খতিয়ানের নকল।

৩। মৌজা হোয়েরা রিভিসনাল জরিপের ৩২৪ নং খতিয়ানের নকল।

৪। খাজনার রশিদ।

[illegible]

পণের টাকার জমা :-

| | | |
|---|---|---|
| বায়না বাবদ ৪ই জুলাই ১৯৪২ তারিখে লওয়া .. | টাকা | ১১০·০০ |
| অগ্রিম ১০-১-১৯৪৩ সালে লওয়া ... | টাকা | ২২৭·০০ |
| বক্রী পণের টাকা ষ্টেট ব্যাঙ্ক অব ইণ্ডিয়া মগরা শাখার উপর দিয়ত ব্যাঙ্ক ড্রাফট নং TT/BD 411875 তাং ৩১শে জানুয়ারী ১৯৪৩ সাল। | টাকা | ৫,২২৯·০০ |
| | মোট টাকা | ৫,৫৬৬·০০ |

( মোট টাকা পাঁচ হাজার পাঁচ শত ছেষট্টি টাকা মাত্র )

সাক্ষীকারবর্গ :-

১। [illegible] খোসেরা, হুগলী

২। [illegible] খোসেরা হুগলী

7/2/83

1220
45
1265
225

omni Scanned

তারিখ : ইংরাজী : ৭ই ফেব্রুয়ারী ১৯৮৩
বাংলা : ২৪শে মাঘ ১৩৮৯

— কোবালা গ্রহীতা —
লাইট মেটাল ইণ্ডাষ্টট্রীস, লিমিটেড,
ও
— কোবালা দাতা —
আবদুল রশিদ মোল্লা

সাফ বিক্রয় কোবালা

অর, ডিনাম এণ্ড কোং
এ্যাডভোকেটস,
২৯, নেতাজী সুভাষ রোড
কলিকাতা—